দৈনিক আজাদী
স্বাধীন বাংলাদেশের প্রথম সংবাদপত্র
প্রতিষ্ঠাতা : আলহাজ্ব মোহাম্মদ আবদুল খালেক

# প্রিমিয়ার ভার্সিটির ইংরেজি বিভাগে মাসিক সাহিত্য সেমিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের উদ্যোগে ২৯ জুন জিইসি মোড়স্থ ক্যাম্পাসে মাসিক সাহিত্য সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বিভাগের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ জসীম উদ্দীনের সভাপতিত্বে আয়োজিত এই সেমিনারে দুটি গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হয়। প্রথম প্রবন্ধটি উপস্থাপন করেন বিভাগের সহযোগী অধ্যাপক রুমানা চৌধুরী। তাঁর গবেষণাপত্রটির শিরোনাম ছিল 'হোয়েন নলেজ টার্নস টু স্মোক: ডিস্টোপিয়ান রিফ্লেকশন্স ইন ব্র্যাডবেরি'স নভেল ফারেনহাইট ৪৫১'। এই প্রবন্ধের মূল বক্তব্যে রে ব্র্যাডবেরির বিখ্যাত ডিস্টোপিয়ান উপন্যাস 'ফারেনহাইট ৪৫১'-এর আলোকে সমাজে জ্ঞানের অবক্ষয়, সেন্সরশিপ এবং একটি নিয়ন্ত্রিত ডিস্টোপিয়ান সমাজব্যবস্থায় মানুষের মনস্তাত্ত্বিক সংকটের নান্দনিক ও সমালোচনামূলক দিকগুলো ফুটিয়ে তোলা হয়। দ্বিতীয় প্রবন্ধটি উপস্থাপন করেন বিভাগের সহযোগী অধ্যাপক কোহিনূর আক্তার। তাঁর প্রবন্ধের শিরোনাম ছিল 'ডায়াডিক ইন্টারঅ্যাকশন অ্যান্ড ইটস ইমপ্যাক্টস অন লার্নিং ইন দ্য ইনক্লুসিভ টারশিয়ারি ইএফএল ক্লাসরুম'। এই গবেষণাপত্রে উচ্চশিক্ষাস্তরে ইংরেজি ভাষা শেখার ক্ষেত্রে অন্তর্ভুক্তিমূলক বা ইনক্লুসিভ ক্লাসরুমে দুই জনের পারস্পরিক যোগাযোগ (ডায়াডিক ইন্টারঅ্যাকশন) কীভাবে শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়াকে কার্যকর ও ফলপ্রসূ করে তোলে, তার বাস্তবসম্মত বিশ্লেষণ উপস্থাপন করা হয়। প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। তিনি বলেন, একটি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের প্রাণ হলো তার অ্যাকাডেমিক গবেষণা, যা এই বিভাগটি সফলভাবে ধরে রেখেছে। সম্প্রতি ইংরেজি বিভাগ সফলভাবে অ্যাক্রিডিটেশন লাভ করায় তিনি বিভাগের সকল শিক্ষক ও শিক্ষার্থীকে অভিনন্দন জানান। তিনি উল্লেখ করেন, এই আন্তর্জাতিক স্বীকৃতি বিভাগের শিক্ষার মান ও প্রাতিষ্ঠানিক শ্রেষ্ঠত্বেরই প্রমাণ এবং এটি বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক ভাবমূর্তিকে অনেক উজ্জ্বল করেছে। এই অর্জনের ধারা বজায় রেখে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আগামীতেও ইংরেজি বিভাগের সব ধরনের সৃজনশীল ও বুদ্ধিবৃত্তিক গবেষণামূলক কাজে সার্বিক সহযোগিতা অব্যাহত রাখার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন তিনি।




*প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের সেমিনারে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক এস এম নছরুল কদির*

বিশেষ অতিথি হিসেবে শ্রোতাদের মধ্য থেকে বক্তব্য রাখেন অধ্যাপক মুজিব রহমান। তিনি বলেন, সমসাময়িক সামাজিক ও রাজনৈতিক অবক্ষয় বুঝতে ডিস্টোপিয়ান সাহিত্যের পাঠ অত্যন্ত জরুরি। এর পাশাপাশি তিনি একটি কার্যকর ও প্রাণবন্ত ইএফএল ক্লাসরুম ম্যানেজমেন্টের ওপর জোর দিয়ে বলেন, শিক্ষার্থীবান্ধব শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা শিক্ষার্থীদের মনোযোগ ও মেধা বিকাশের পথকে আরও সুগম করে।

উপস্থাপিত প্রবন্ধ দুটির ওপর আলোচনা করেন বিভাগের অধ্যাপক শহীদুল আলম চৌধুরী, অধ্যাপক শান্তনু দাশ, অধ্যাপক শাহনাজ পারভিন সিঁথি। সমাপনী বক্তব্যে বিভাগের চেয়ারম্যান সৈয়দ জসীম উদ্দীন বলেন, ইংরেজি বিভাগের এই সেমিনার আয়োজন একটি নিয়মিত ও ধারাবাহিক অ্যাকাডেমিক কার্যক্রম। তিনি এই সেমিনারের ধারাবাহিক সাফল্যের পেছনে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহীত উল আলমের অনস্বীকার্য অবদান ও সার্বিক দিকনির্দেশনার কথা স্মরণ করে তাঁর প্রতি গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি আগামী দিনগুলোতে ইংরেজি বিভাগের পক্ষ থেকে একটি আন্তর্জাতিক কনফারেন্স এবং বৃহৎ পরিসরে একটি স্টুডেন্ট সেমিনার আয়োজন করার আশাবাদ ব্যক্ত করেন। সেমিনার সঞ্চালনা করেন বিভাগের প্রভাষক জাগরণ দে মিল্টন। প্রেস বিজ্ঞপ্তি।

Ref: Daily Azadi, Date: 01 July 2026, Page: 3, Col: 5
https://edainikazadi.net/index.php?page=1&date=2026-07-1

চট্টগ্রাম বুধবার ১ জুলাই ২০২৬

দৈনিক পূর্বকোণ

দেশসেরা আঞ্চলিক দৈনিকের স্বীকৃতিপ্রাপ্ত

রেজিঃ নম্বর-চ-৮৯ । । ৪১তম বর্ষ ১২৬ তম সংখ্যা । । ১৭ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ । । ১৫ মহররম ১৪৪৮ হিজরি । । Wednesday 1 July 2026 । । ৮ পৃষ্ঠার মূল্য ৭ টাকা

www.dainikpurbokone.net www.edainikpurbokone.net /DailyPurbokone /DailyPurbokone

# প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে মাসিক সাহিত্য সেমিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের উদ্যোগে গত ২৯ জুন বিশ্ববিদ্যালয়ের জিইসি মোড়স্থ ক্যাম্পাসে মাসিক সাহিত্য সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ইংরেজি বিভাগের চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক সৈয়দ জসীম উদ্দীনের সভাপতিত্বে আয়োজিত এই সেমিনারে দুটি গুরুত্বপূর্ণ গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হয়।

সেমিনারে প্রথম প্রবন্ধটি উপস্থাপন করেন ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক রুমানা চৌধুরী। তাঁর গবেষণাপত্রটির শিরোনাম ছিল 'হোয়েন নলেজ টার্নস টু স্মোক: ডিস্টোপিয়ান রিফ্লেকশন্স ইন ব্র্যাডবেরি'স নভেল ফারেনহাইট ৪৫১'। দ্বিতীয় প্রবন্ধটি উপস্থাপন করেন বিভাগের সহযোগী অধ্যাপক কোহিনূর আক্তার। সেমিনারে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। প্রধান অতিথির বক্তব্যে তিনি ইংরেজি বিভাগের এমন নিয়মিত ও সমৃদ্ধ গবেষণা কার্যক্রমের প্রশংসা করেন। তিনি বলেন, একটি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের প্রাণ হলো তার অ্যাকাডেমিক গবেষণা, যা এই বিভাগটি সফলভাবে ধরে রেখেছে। সম্প্রতি ইংরেজি বিভাগ সফলভাবে অ্যাক্রিডিটেশন লাভ করায় তিনি বিভাগের সকল শিক্ষক ও শিক্ষার্থীকে আন্তরিক অভিনন্দন জানান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন অধ্যাপক মুজিব রহমান। উপস্থাপিত প্রবন্ধ দুটির ওপর পাণ্ডিত্যপূর্ণ আলোচনা প্রদান করেন প্যানেল আলোচকবৃন্দ, যাঁদের মধ্যে ছিলেন ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক শহীদুল আলম চৌধুরী, সহযোগী অধ্যাপক শান্তনু দাশ এবং সহযোগী অধ্যাপক শাহনাজ পারভিন সিঁথি। সভাপতির সমাপনী বক্তব্যে ইংরেজি বিভাগের চেয়ারম্যান সৈয়দ জসীম উদ্দীন বলেন, ইংরেজি বিভাগের এই সেমি-নার আয়োজন একটি নিয়মিত ও ধারাবাহিক অ্যাকাডেমিক কার্যক্রম। সেমিন-ারটি সঞ্চালনা করেন বিভাগের প্রভাষক জাগরণ দে মিল্টন।-বিজ্ঞপ্তি

Ref: Daily Purbokone, Date: 01 July 2026, Page: 3, Col: 1
https://www.edainikpurbokone.net/index.php?page=3&date=2026-07-01

বুধবার
চট্টগ্রাম
১ জুলাই ২০২৬
১৭ আষাঢ় ১৪৩৩
১৫ মহররম ১৪৪৮
বর্ষ-১৪, সংখ্যা-১৮৪

দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh

www.dailypurbodesh.com
প্রতিষ্ঠাতা : আলহাজ মাস্টার নজির আহমদ
৮ পৃষ্ঠার দাম ৭ টাকা

টানা ৪ বার সুপারব্র্যান্ড স্বীকৃতি
বসুন্ধরা পেপার
A4
80

# প্রিমিয়ার ইউনিভার্সিটি ইংরেজি বিভাগের সাহিত্য সেমিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের উদ্যোগে গত সোমবার বিশ্ববিদ্যালয়ের জিইসি মোড়স্থ ক্যাম্পাসে মাসিক সাহিত্য সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ইংরেজি বিভাগের চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক সৈয়দ জসীম উদ্দীনের সভাপতিত্বে আয়োজিত এই সেমিনারে দুটি গুরুত্বপূর্ণ গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হয়। সেমিনারে প্রথম প্রবন্ধটি উপস্থাপন করেন ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক রুমানা চৌধুরী। এরপর দ্বিতীয় প্রবন্ধটি উপস্থাপন করেন বিভাগের সহযোগী অধ্যাপক কোহিনূর আক্তার। সেমিনারে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। বিশেষ অতিথি হিসেবে শ্রোতাদের মধ্য থেকে বক্তব্য রাখেন অধ্যাপক মুজিব রহমান। উপস্থাপিত প্রবন্ধ দুটির ওপর আলোচনা প্রদান করেন প্যানেল আলোচকবৃন্দ, যাঁদের মধ্যে ছিলেন ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক শহীদুল আলম চৌধুরী, সহযোগী অধ্যাপক শান্তনু দাশ এবং সহযোগী




প্রিমিয়ার ইউনিভার্সিটিতে সেমিনারে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির

অধ্যাপক শাহনাজ পারভিন সিঁথি। সেমিনারটি সঞ্চালনা করেন বিভাগের প্রভাষক জাগরণ দে মিল্টন। সেমিনারে ইংরেজি বিভাগের অন্যান্য শিক্ষকবৃন্দ এবং বিপুল সংখ্যক শিক্ষার্থীর স্বতঃস্ফূর্ত ও প্রাণবন্ত উপস্থিতি পুরো আয়োজনটিকে একটি সার্থক অ্যাকাডেমিক উৎসবে পরিণত করে। বিজ্ঞপ্তি

Ref: Daily Purbodesh, Date: 01 July 2026, Page: 2, Col: 4
https://epurbodesh.com/index.php?page=1&date=2026-07-1

চট্টগ্রাম • বুধবার • ১ জুলাই ২০২৬ • ১৭ আষাঢ় ১৪৩৩ • ১৫ মহররম ১৪৪৮
৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা
চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২২ সংখ্যা ২৯৬
প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত
সুপ্রভাত
suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat
সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

৩ প্রতিদিন আয়ের চেয়ে দ্বিগুণ লস

৫ মানবিক বিপর্যয় রোধে সর্বদা সম্মুখ সারিতে রেড ক্রিসেন্ট : মেয়র

৬ ডাচদের বিদায় করে শেষ যোলতে মরক্কো



ঘন ঘন ভূমিকম্পের সতর্কবার্তা ও বাংলাদেশের প্রস্তুতি

সম্প্রতি ভেনেজুয়েলায় আঘাত হানা শক্তিশালী ভূমিকম্পটি আমাদের আরও একবার মনে করিয়ে দিয়েছে যে,

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২




প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগে মাসিক সাহিত্য সেমিনারে বক্তব্য রাখছেন প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির

# উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের প্রাণ অ্যাকাডেমিক গবেষণা

প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের উদ্যোগে ২৯ জুন বিশ্ববিদ্যালয়ের জিইসি মোড়স্থ ক্যাম্পাসে মাসিক সাহিত্য সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ইংরেজি বিভাগের চেয়ারম্যান ও সহযোগী অধ্যাপক সৈয়দ জসীম উদ্দীনের সভাপতিত্বে আয়োজিত এই সেমিনারে দুটি গুরুত্বপূর্ণ গবেষণা প্রবন্ধ উপস্থাপন করা হয়। সেমিনারে প্রথম প্রবন্ধটি উপস্থাপন করেন ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক রুমানা চৌধুরী। তাঁর গবেষণাপত্রটির শিরোনাম ছিল 'হোয়েন নলেজ টার্নস টু স্মোক. ডিস্টোপিয়ান রিফ্লেকশন্স ইন ব্র ্যাডবেরি'স নভেল ফারেনহাইট ৪৫১'। এই প্রবন্ধের মূল বক্তব্যে রে ব্র ্যাডবেরির বিখ্যাত ডিস্টোপিয়ান উপন্যাস 'ফারেনহাইট ৪৫১'-এর আলোকে সমাজে জ্ঞানের অবক্ষয়, সেন্সরশিপ এবং একটি নিয়ন্ত্রিত ডিস্টোপিয়ান সমাজব্যবস্থায় মানুষের মনস্তাত্ত্বিক সংকটের নান্দনিক ও সমালোচনামূলক দিকগুলো ফুটিয়ে তোলা হয়।

প্রিমিয়ার ইউনিভার্সিটির মাসিক সাহিত্য সেমিনারে উপাচার্য

এরপর দ্বিতীয় প্রবন্ধটি উপস্থাপন করেন বিভাগের সহযোগী অধ্যাপক কোহিনূর আক্তার। তাঁর প্রবন্ধের শিরোনাম ছিল 'ডায়াডিক ইন্টারঅ্যাকশন অ্যান্ড ইটস ইমপ্যাক্টস অন লার্নিং ইন দ্য ইনক্লুসিভ টারশিয়ারি ইএফএল ক্লাসরুম'। এই গবেষণাপত্রে উচ্চশিক্ষাস্তরে ইংরেজি ভাষা শেখার ক্ষেত্রে অন্তর্ভুক্তিমূলক বা ইনক্লুসিভ ক্লাসরুমে দুই জনের পারস্পরিক যোগাযোগ (ডায়াডিক ইন্টারঅ্যাকশন) কীভাবে শিক্ষার্থীদের শিখন প্রক্রিয়াকে আরও কার্যকর ও ফলপ্রসূ করে তোলে, তার বাস্তবসম্মত বিশ্লেষণ উপস্থাপন করা হয়। সেমিনারে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এস. এম. নছরুল কদির। প্রধান অতিথি বলেন, একটি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের প্রাণ হলো তার অ্যাকাডেমিক গবেষণা। সম্প্রতি ইংরেজি বিভাগ সফলভাবে অ্যাক্রিডিটেশন লাভ করায় তিনি বিভাগের সকল শিক্ষক ও শিক্ষার্থীকে আন্তরিক অভিনন্দন জানান। বিশেষ অতিথি হিসেবে শ্রোতাদের মধ্য থেকে বক্তব্য রাখেন অধ্যাপক মুজিব রহমান। তিনি বলেন, সমসাময়িক সামাজিক ও রাজনৈতিক অবক্ষয় বুঝতে ডিস্টোপিয়ান সাহিত্যের পাঠ অত্যন্ত জরুরি। এর পাশাপাশি তিনি একটি কার্যকর ও প্রাণবন্ত ইএফএল ক্লাসরুম ম্যানেজমেন্টের ওপর জোর দিয়ে বলেন, শিক্ষার্থীবান্ধব শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা শিক্ষার্থীদের মনোযোগ ও মেধা বিকাশের পথকে আরও সুগম করে। প্যানেল আলোচকবৃন্দ যাঁদের মধ্যে ছিলেন ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক জনাব শহীদুল আলম চৌধুরী, সহযোগী অধ্যাপক শান্তনু দাশ এবং সহযোগী অধ্যাপক শাহনাজ পারভিন সিঁথি। ইংরেজি বিভাগের চেয়ারম্যান সৈয়দ জসীম উদ্দীন বলেন, ইংরেজি বিভাগের এই সেমিনার আয়োজন একটি নিয়মিত ও ধারাবাহিক অ্যাকাডেমিক কার্যক্রম। তিনি এই সেমিনারের ধারাবাহিক সাফল্যের পেছনে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহীত উল আলমের অনস্বীকার্য অবদান ও সার্বিক দিকনির্দেশনার কথা স্মরণ করে তাঁর প্রতি গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

একই সাথে তিনি শিক্ষার্থীদের কেবল প্রাতিষ্ঠানিক পড়াশোনায় সীমাবদ্ধ না থেকে শারীরিক সুস্থতা ও বুদ্ধিবৃত্তিক (ইন্টেলেকচুয়াল) চর্চা-উভয় ক্ষেত্রেই সমানভাবে মনোনিবেশ করার আহ্বান জানান। সেমিনারটি সঞ্চালনা করেন বিভাগের প্রভাষক জাগরণ দে মিল্টন। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 01 July 2026, Page: 4, Col: 6
https://esuprobhat.com/index.php?page=1&date=2026-07-1